2 0 1 9

PG EVEN Semester (CBCS) Exam., May—2019

BENGALI

(2nd Semester)

Course No. : BNGCC–202

(বাংলা কথা সাহিত্য—১)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম উল্লেখ করো। ''প্যারীচাঁদ মিত্র আগ্রহ-ভরে বাংলায় 'নভেল' রচনায় প্রয়াসী হয়েছিলেন। কিন্তু 'নভেল'-এর মতো শিল্পশৈলীর আঙ্গিক এখানে দুর্বল।'' 'আলালের ঘরের দুলাল' অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১৩=১৪

২। প্যারীচাঁদ মিত্র বাংলা ভাষায় কয়টি গ্রন্থ রচনা করেছেন? '' 'আলালের ঘরের দুলাল'-এ উনিশ শতকের প্রথম দিকের কলকাতা ও তার নিকটবর্তী মফঃস্বল অঞ্চলের বাস্তবরূপ চিত্রিত হয়েছে।'' আলোচনা করো। ১+১৩=১৪

খ—গুচ্ছ

৩। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটির প্রকাশকাল কত? এই উপন্যাসটি ছাড়া বঙ্কিমচন্দ্রের অন্য একটি সামাজিক উপন্যাসের নাম লেখো। ''রোহিণী বিদ্রোহিনী, তার এই বিদ্রোহ শুধু সামাজিক অনুশাসনের বিরুদ্ধে নয়, হরলাল-জাতীয় পুরুষদের বিরুদ্ধে এবং তার নিয়তির বিরুদ্ধে।'' আলোচনা করো। ১+১+১২=১৪

৪। বঙ্কিমচন্দ্রের প্রথম ও শেষ উপন্যাসের নাম উল্লেখ করো। '' 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের ভ্রমর চরিত্রটি সেকালে সমালোচকদের যতটা আলোচ্য বিষয় হয়ে উঠেছিল, রোহিণী কিন্তু ততটা নয়।'' পর্যালোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'লালসালু' উপন্যাসের প্রথম সংস্করণ কবে, কোন্ প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত হয়? এই উপন্যাসে ক্ষমতার অনুশীলন কীভাবে আধিপত্যের রূপ নিয়েছে তা আলোচনা করো। ১+১+১২=১৪

৬। 'লালসালু' ছাড়া ঔপন্যাসিকের আরও দুটি উপন্যাসের নাম প্রকাশনা সালসহ উল্লেখ করো। এই উপন্যাসে 'প্রতিরোধ'-এর যে বহুমাত্রিক উপস্থিতি লক্ষ করা যায় সে সম্পর্কে বিশদ আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। প্রেমেন্দ্র মিত্রের গল্প প্রকাশিত হয়েছে এমন দুটি পত্রিকার নাম লেখো। ''মধ্যবিত্তের কথাকাররূপে প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরাণী' গল্পটি জীবনের আকুতি প্রকাশে শিল্পকুশলতার সার্থক রূপায়ণ।'' আলোচনা করো। ২+১২=১৪

৮। 'A broken hearted dreamer' ভগ্নহৃদয় স্বপ্নদর্শী—কে, কাকে এই অভিধাটি দিয়েছিলেন? প্রেমেন্দ্র মিত্রের গল্পে ভাঙন-ব্যর্থতার মধ্যেও শেষ পর্যন্ত স্বপ্ন দেখার দুর্জয় বাসনাতেই গল্পের সমাপ্তি রচিত হয়—তোমার পঠিত গল্প অবলম্বনে পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। জগদীশ গুপ্তর জন্মস্থানের নাম কী? 'চার পয়সায় এক আনা' গল্পটি বিশ্লেষণ করে জগদীশ গুপ্তের সামাজিক, অর্থনৈতিক চিন্তাভাবনার পরিচয় দাও। ১+১৩=১৪

১০। কর্মসূত্রে বিভূতিভূষণ মুখোপাধ্যায় কোথায় থাকতেন? তাঁর লেখা তোমাদের পাঠ্য যে কোনো একটি গল্পের বিষয়বস্তু ও শিল্পরীতির আলোচনা করো। ১+১৩=১৪

★★★